

ইজরায়েল এবং গাজায় হিংসাত্মক ঘটনা বৃদ্ধি বিষয়ে সংবাদমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখ্যপত্র

গাজা এবং ইজরায়েলে হিংসাত্মক ঘটনা বৃদ্ধি বিষয়ে সংবাদমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি
মুখ্যপত্র বলেন,

‘ইজরায়েল ও প্যালেস্টাইনের মধ্যে মাত্রাধিক হিংসাত্মক ঘটনা বৃদ্ধি এবং বিশেষ করে গাজায়
বিমানহানার দরুণ নাগরিকদের বিয়োগান্ত জীবনহানি ও ব্যাপক সম্পত্তির বিনাশে ভারত
অত্যন্ত উদ্বিগ্ন। একই সংগে ইজরায়েলের একাংশে লক্ষ্য করে সীমান্তপার থেকে
প্ররোচনামূলক রকেট হানায় আশংকিত।

ভারত উভয়পক্ষের কাছে সবাধিক সংযত হওয়ার এবং ঐ এলাকার শান্তি ও স্থিরতা বিষ্কারী
ও পরিস্থিতির অবনতি ঘটতে পারে এমন কোনো পদক্ষেপ না নেওয়ার আবেদন জানাচ্ছে।

ভারত দৃঢ়ভাবে বিস্মাস করে এই এলাকায় যেসব বিষয়ে সেখানকার জনতাকে সম্মুখীন হতে
হচ্ছে.সেই সব বিষয়ের চিরস্থায়ী সমাধানের একমাত্র পথ বার্তালাপের পথ। আমরা
উভয়পক্ষকে প্যালেস্টাইন ইস্যুর সুসংহত নিষ্পত্তির জন্য যে শান্তি পরিকল্পিয়ায় উভয় পক্ষ
দায়বদ্ধ তার অধীনে পুনরায় বার্তালাপ চালু করার আহ্বান জানাচ্ছি।’

নয়াদিল্লি

১০ জুলাই ২০১৪